

স্মারক নং- ৩২.০২.৫২০০.০০০.২৫.০৯৩.২৪.১৮৯(২০)

উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট


ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় মহিলা সংস্থা, লালমনিরহাট জেলা কার্যালয়, লালমনিরহাট অফিসের সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কোর্সে ০৪ (চার) মাস মেয়াদী ৭২তম ব্যাচে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। ভর্তি ইচ্ছুক মহিলাদেরকে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে।

শর্তাবলীঃ

- শিক্ষিত, অর্ধ-শিক্ষিত, বেকার, মধ্যবিত্ত, দরিদ্র, অসহায়, দুস্থ, ভালাকপ্রাপ্ত ও বিধবা মহিলাগণ ভর্তির জন্য আবেদন করতে পারবেন।
- ভর্তি ইচ্ছুক আবেদনকারীকে ন্যূনতম ৫ম শ্রেণী পাশ হতে হবে।
- আবেদনকারীর বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে ৫০ বছর পর্যন্ত।
- ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার সময় আবেদনকারীকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল-সনদপত্রের ফটোকপি, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত, জাতীয় পরিচয়পত্র/জনসনদের ফটোকপি এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্বের সনদপত্র (মূলকপি) জমা দিতে হবে।
- প্রতি শিফটে ১৫(পনের) জন করে ০২(দুই) শিফটে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।
- প্রথম শিফট সকাল- ৯.৩০ মিঃ হতে দুপুর- ১২.৩০ মিঃ পর্যন্ত এবং দ্বিতীয় শিফট দুপুর- ১.৩০ মিঃ হতে বিকাল- ৪.৩০ মিঃ পর্যন্ত ক্লাশ চলবে।
- সরকারি ছুটি ব্যতিত সপ্তাহে ০৫ (পাঁচ) দিন ক্লাশ চলবে।
- প্রশিক্ষণ কোর্সে ভর্তি হওয়ার জন্য কোন ভর্তি ফি প্রদান করতে হবে না।
- প্রশিক্ষণ কোর্স শেষে পরীক্ষা গ্রহণ সাপেক্ষে ফলাফলের ভিত্তিতে প্রশিক্ষণার্থীগণকে প্রাপ্ত গ্রেড অনুযায়ী সনদপত্র প্রদান করা হবে।
- প্রশিক্ষণার্থীকে প্রতিদিন উপস্থিতির জন্য সরকার কর্তৃক প্রদেয় দৈনিক ১০০/- (একশত) টাকা হারে উপস্থিতি ভাতা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- একাধারে ০৩ (তিন) দিন বিলম্ব হলে তাকে ০১ দিন অনুপস্থিত হিসাবে গণ্য করে ০১ দিনের ভাতা কর্তন করা হবে এবং কোন কারণ ব্যতিত একাধারে ০৩ (তিন) দিন অনুপস্থিত থাকলে তাকে প্রশিক্ষণ কোর্স হতে বহিষ্কার করা হবে।
- প্রশিক্ষণার্থীগণকে সংস্থার সকল নীতিমালা ও শর্তসমূহ প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মেনে চলতে হবে।
- অনিয়ম, অসদাচরণের জন্য কেহ একবার বহিষ্কার হলে তাকে আর প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- প্রশিক্ষণার্থীগণকে সংস্থার নির্দেশক্রমে সরকারী বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে হবে (সরকারী অনুষ্ঠান/জাতীয় দিবসসমূহ, সমাবেশ ইত্যাদি)।

আগামী ১৬/১০/২০২৪ তারিখ হতে ২১/১০/২০২৪ তারিখ পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে পর্যন্ত আবেদনপত্র বিতরণ ও গ্রহণ করা হবে এবং প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য আগামী ২৮/১০/২০২৪ তারিখ রোজ- সোমবার, সকাল- ১১.০০ ঘটিকায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকার গ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হবে না। ভর্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ হোসেন আলী)

জেলা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জাতীয় মহিলা সংস্থা

লালমনিরহাট জেলা কার্যালয়, লালমনিরহাট।

ফোন নং- ০২৫৮৯৯৮৬০৭৪

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- জেলা প্রশাসক, লালমনিরহাট।
- পুলিশ সুপার, লালমনিরহাট।
- সিভিল সার্জন, লালমনিরহাট।
- মেয়র, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট।
- উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
- উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট (সকল)।
- উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, লালমনিরহাট।
- উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, লালমনিরহাট।
- উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট।
- জেলা তথ্য অফিসার, লালমনিরহাট।
- লালমনিরহাট।
- নোটিশ বোর্ড।

স্মারক নং- ৩২.০২.৫২০০.০০০.২৫.০৯৩.২৪

তারিখ- ১০/১০/২০২৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ-

- নির্বাহী পরিচালক (অতি.সচিব), জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
- অফিস কপি।

(মোঃ হোসেন আলী)

জেলা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জাতীয় মহিলা সংস্থা

লালমনিরহাট জেলা কার্যালয়, লালমনিরহাট।

ফোন নং- ০২৫৮৯৯৮৬০৭৪